



যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
JASHORE PALLI BIDYUT SAMITY-1

প্রধান কার্যালয়

তপসীডাঙ্গা, যশোর
টেলিফোন: অফিস: ০২৪৭৭৭৬০১৮৯,
অভিযোগ কেন্দ্র: ০২৪৭৭৭৬০১৯০

E-mail: jessorepbs1@gmail.com, Web Site: https://pbs1.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০২.০০৮.২৬.২২৩১

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ শে মে, ২০২৬ খ্রিস্টাব্দ

আদ্যঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে বিলিং সহকারী পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ এবং “যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং)” এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

(ক) পদের নামঃ বিলিং সুপারভাইজার।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও অন্যান্য ভাতাদি	জেলা কোটা
০১	বিলিং সুপারভাইজার	০২ জন	(ক) প্রার্থীর ন্যূনতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী পদে নিয়মিত হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অন্যান্য ইকুইপমেন্ট পরিচালনায় সামর্থ্য থাকতে হবে। (গ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। (ঘ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল যোগ্যতা থাকতে হবে। (ঙ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে। (চ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩(তিন) বছরের কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।	পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।	পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। অত্র সমিতির ভৌগোলিক এলাকা অর্থাৎ যশোর সদর (ওজোপাড়িকা ব্যতিত), শার্শা, ঝিকরগাছা, চৌগাছা ও বাঘারপাড়া উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

(খ) আবেদন করার পদ্ধতিঃ

০১। বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে পদের নাম উল্লেখ করে সাদাকাগজে স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ঠ) চাকুরীতে নিয়মিতকরনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী ০৭/০৬/২০২৬ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১১:০০ ঘটিকায় যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ স্বশরীরে উপস্থিত থাকতে হবে।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করতে হবেঃ**

- (ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।
- (খ) সর্বশেষ ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
- (গ) বিলিং সহকারী হিসেবে যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি।
- (ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণে উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি।
- (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- (চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- (ছ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের সত্যায়িত ফটোকপি।
- (জ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে)।

(ঝ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(গ) শর্তাবলীঃ

- (১) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর কিংবা সমিতি বোর্ডের সাথে সংশ্লিষ্টগণের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- (২) অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে সংশ্লিষ্ট পদে নিয়োগ দেয়া হবে।
- (৩) বিলিং সহকারী হিসেবে যে ঠিকানায় নিয়োগ প্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানায়ই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।
- (৪) উপর্যুক্ত পদের জন্য নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য “চলতি দায়িত্ব” নিয়োগ দেওয়া হবে। “চলতি দায়িত্ব” থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে এবং বিলিং সহকারী পদে কর্মরত থাকাবস্থায় পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে বর্তমানে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট করার পর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে ও পবিস নির্দেশিকা ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।
- (৫) চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।
- (৬) উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।
 - (ক) সর্বশেষ ০২ (দুই) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ত প্রাপ্ত হয়েছেন;
 - (খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ত প্রাপ্ত হয়েছেন;
 - (গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ত প্রাপ্ত হয়েছেন;
 - (ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ত এবং একবার লঘুদন্ত প্রাপ্ত হয়েছেন;
 - (ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ত প্রাপ্ত হয়েছেন;
 - (চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;
- (৭) ইতঃপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- (৮) কোন প্রার্থী তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যাতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৯) শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- (১০) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (১১) নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/১/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
- ০৬। ডিজিএম সদর-কারিগরি/শাখা/বিকরগাছা/চৌগাছা/বাঘারপাড়া জোনাল অফিস, যপবিস-১।
- ০৭। এজিএম বাগআঁড়/বাকড়া/রূপদিয়া/খাজুরা/বেনাপোল/পুড়াপাড়া সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
- ০৮। এজিএম প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি, যপবিস-১।
- ০৯। এজিএম আইটি ১/২, যপবিস-১। (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ১০। নোটিশবোর্ড, যশোর পবিস-১।
- ১১। অফিস কপি/মাষ্টার কপি।

(মোহাম্মদ আসাদুজ্জামান খান)
জেনারেল ম্যানেজার